# আমি কি বলতে পেরেছিলাম

মহাদেব সাহা

আমার টেবিলের সামনে দেয়ালে শেখ মুজিবের একটা ছবি টাঙানো আছে
কোন তেলরঙ কিংবা বিখ্যাত স্কেচ জাতীয় কিছু নয়
এই সাধারন ছবিখানা ১৭ মার্চ - এ বছর শেখ মুজিবের
জন্মদিনে একজন মুজিবপ্রেমিক আমাকে উপহার দিয়েছিলো
কিন্তু কে জানতো এই ছবিখানা হঠাৎ দেয়াল ব্যাপি
একগুচ্ছ পত্রপুস্পের মতো আমাদের ঘরময়
প্রস্ফুটিত হযে উঠবে রাত্রিবেলা ;
আমি তখন টেবিলের সামনে বসেছিলাম আমার পাশে বউ ও ছেলে
পাশেই নিদ্রামগ্ন
সহসা দেখি আমার ছোট ঘরখানির দীর্ঘ দেয়াল জুড়ে
দাঁড়িয়ে আছেন শেখ মুজিব ;
গায়ে বাংলাদেশের মাটির ছোপ লাগানো পান্জাবি
হাতে সেই অভ্যস্ত পুরোন পাইপ
চোখে বাংলার জন্য ব্যাকুলতা।
এমনকি আকাশকেও আমি কখনো এমন গভীর ও জলভারানত দেখিনি

তার পায়ের কাছে বিশাল বঙ্গোপসাগর
আর তার আলুথালু চুলগুলির দিকে তাকিয়ে আমার মনে হচ্ছিল
এইতো বাংলার ঝড়ো হাওয়ায় কাঁপা দামাল নিসর্গ
চিরকাল তার চুলগুলির মতোই অনিশ্চিত ও কম্পিত
এই বাংলার ভবিষ্যত ;
তিনি তখনো নীরবে তাকিয়ে আছেন, চোখ দুটি স্থির অবিচল
জানিনা কি বলতে চান তিনি
হঠাৎ সারা দেয়াল ও ঘর একবার কেঁপে
উঠতেই দেখি
আমাদের সঙ্কীর্ন ঘরের ছাদ ভেদ করে তার একখানি হাত
আকাশের দিকে উঠে যাচ্ছে -
যেমন তাকে সেবার দেখেছিলাম ৬৯ - এর গণআন্দোলনে
তিনি তখন সদ্য ষড়যন্ত্র মামলা থেকে বেরিয়ে এসেছেন
কিংবা ৭০ - এর পল্টনে আরো একবার ৭ই মার্চের
বিশাল জনসভায় ;